Sem – 1, 2021
B.A. (Hons.)
Bengali
CC – 1

Questions for Internal Exam:

গঙ্গাধরপুর মহাবিদ্যালয়
সেমেস্টার — প্রথম
পেপার — CC1 (Internal)
প্রশ্নমান — ২

সাম্মানিক বাংলা

১। চর্যার পদকর্তারা কেন 'সান্ধ্যভাষার' আশ্রয় নিয়েছিলেন ?
২। নবচর্যাপদ কি ?
৩। শ্রীকৃষ্ণকীর্তন কাব্যে ব্যবহৃত একটি প্রবাদপ্রবচনের উল্লেখ করুন।
৪। পদাবলী শব্দের অন্তর্গত 'পদাবলী' শব্দটি কে কোথায় প্রথম ব্যবহার করেন।
৫। অভিনব জয়দেব কাকে বলা হয়, তাঁর জন্মস্থান কোথায় ?
৬। কৃত্তিবাসের কাব্য বাংলাদেশে অত্যন্ত জনপ্রিয় হবার কারণ কি ?
৭। চৈতন্যদেবের প্রভাবে বাংলাদেশের সমাজ ও সাহিত্যে যে বিপুল জাগরণ তার আভাস পাওয়া যায় কোন্ কাব্যে ? কাব্যটি সম্পর্কে সংক্ষিপ্ত বর্ণনা দাও।
৮। মধ্যযুগের বাংলা সাহিত্যের প্রথম রোমান্টিক প্রেমের কাব্যটি কার লেখা ও নাম কি ? কাব্যটির অপর নাম কি ?
৯। মনসামঙ্গল কাব্যের কোন কবি তাঁর ভনিতায় 'সুকবিবল্লভ' শব্দটি ব্যবহার করেছেন ? কবি সম্বন্ধে দু-একটি কথা লেখ।
১০। কাশীরাম দাসের মহাভারত রচনার প্রেরণা কি ?
১১। আগমনী ও বিজয়া পর্বের পদগুলিতে সমাজ জীবনের কিকি প্রতিফলন ঘটেছে ?
১২। অন্নদামঙ্গল কাব্যে ব্যবহৃত দুটি সংস্কৃত ছন্দের নাম লেখ।
১৩। মহাপ্রভুর অন্তরের রূপান্তর কোথায় ঘটেছিল ?
১৪। বৃন্দাবনের ছয় গোস্বামী কারা ?
১৫। ধর্মমঙ্গলের ধর্ম ঠাকুরের সঙ্গে অন্যান্য মঙ্গল কাব্যের দেবতাদের পার্থক্য কি ?
১৬। আলাওলের 'পদ্মাবতী' অনুসৃত কাহিনীটি কি ?
১৭। কৃত্তিবাস তাঁর কাব্যটিকে পাঁচালী রীতিতে গড়ে তুলেছেন কেন ?
১৮। শাক্তপদাবলী রচনার সামাজিক কারণ কি ?
১৯। অভিসার কাকে বলে ?
২০। চণ্ডীদাসের দুটি পদ উল্লেখ করুন।
২১। শ্রীকৃষ্ণকীর্তন কাব্য প্রকাশের পর বাংলা সাহিত্যে কি ধরনের ঘটনা ঘটে ?
২২। মনসামঙ্গলের আদি কবি কে ? মনসামঙ্গল কাব্যের শ্রেষ্ঠ কবির নাম উল্লেখ করুন।
২৩। শুকদেবের প্রতিভা ছিল ঔপন্যাসিকের — একথা কে, কেন বলেছেন ?
২৪। ভারতচন্দ্রের কাব্যে ব্যবহৃত কয়েকটি প্রবাদপ্রবচন উল্লেখ করুন।
২৫। দু-একটি কথায় চৈতন্যচরিতামৃতের বৈশিষ্ট্য কি লেখ।

Scanned with CamScanner

Sem. 1, 2021
Bengali (Hons.)
CC-2
Model Question of Internal Exam.

শঙ্করীরমুর মহাবিদ্যামন্দির
সেমেস্টার – প্রথম
পেপার – CC_2 (Internal)
পূর্ণমান – 2

১। ধ্বনি ও বর্ণের পারস্পরিক সম্পর্ক কি?
২। ধ্বনি পরিবর্তনের কারণগুলি কি কি?
৩। সুভাষণ কাকে বলে? উদাহরণ দাও।
৪। শব্দ গঠনে প্রত্যয়ের ভূমিকা গুরুত্বপূর্ণ কেন?
৫। 'সমাস' শব্দটির অর্থ কী? অলোপ সমাসের 'অলোপ' নামকরণের কারণ কী?
৬। দেশি শব্দগুলিকে অজ্ঞাতমূল শব্দ বলা হয় কেন?
৭। বরেন্দ্রী উপভাষার রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি লেখ।
৮। ধ্বনি বিপর্যয় কাকে বলে?
৯। শব্দার্থের রূপান্তর বলতে কি বোঝ?
১০। প্রত্যয় কাকে বলে? ব্যবহারিক প্রয়োগের অবস্থান অনুযায়ী প্রত্যয়কে কয়ভাগে ভাগ করা যায়?
১১। ধ্বনিমি কাকে বলে?
১২। বাংলা ভাষায় বহুবচন প্রকাশের দুটি উপায় উদাহরণসহ উল্লেখ কর।
১৩। লিঙ্গ কাকে বলে? উদাহরণ দাও।
১৪। লিঙ্গ পরিবর্তন বা লিঙ্গান্তরের নিয়মগুলো উল্লেখ কর।
১৫। অসর কাকে বলে?
১৬। ক্রিয়ার কাল কাকে বলে? এবং তা কয়প্রকার ও কিকি?
১৭। মান্যভাষা ও উপভাষার পার্থক্য লেখ।
১৮। অনুসর্গ কাকে বলে? অনুসর্গের অপর দুটি নাম উল্লেখ কর।
১৯। প্রত্যয় ও বিভক্তির সাদৃশ্য-বৈসাদৃশ্য লেখ।
20। অক্ষরগঠনের তিনটি রীতি উল্লেখ কর।
21। সংবোধন কাকে বলে?
22। ভাষার সঙ্গে উপভাষার সম্পর্ক কি?
23। সমাসের ফলে ভাষা সমৃদ্ধ হয় কেন?
24। ব্যঞ্জনধ্বনি কাকে বলে? আদ্য বাংলা ভাষায় কয়টি ব্যঞ্জনধ্বনি ব্যবহার করা হয়?
25। পার্শ্বিক ধ্বনি কাকে বলে? উদাহরণ দেও।

Scanned with CamScanner

Gangadharpur Mahavidyamandir
Bengali (Hons.)
Semester – 1
CC – 1
Paper – 1
Model Question, Tutorial Exam - 2021

মডিউল ১ থেকে যেকোন দুটি প্রশ্নের উত্তর দাও

১। সাহিত্যের ইতিহাস অনুমান কল্পনা বিলাসী সমাহিত নয় অসংহত পুরাতত্ত্ব পঙ্খী নয় – সাহিত্য এবং ইতিহাস আলোচনা করো। ১০

২। বাংলা সাহিত্য উদ্ভূত হওয়ার আগে বাঙালির সমাহিত ছিল – উপযুক্ত উদাহরণ দিয়ে আলোচনা করো। ১০

৩। চর্যাপদের আবিষ্কার কখন কিভাবে হয়? গ্রন্থটির মূল নাম কি? কি কিভাবে রক্ষা পেয়েছে? এর লেখা ব্যবহারে কৌশল কি ছিল? এটির কাব্যমূল্য বিচার করো। ২+২+২+৪ = ১০

মডিউল 2 (যেকোন দুটি প্রশ্নের উত্তর দাও।)

১। চৈতন্যদেবকে অবলম্বন করে যে জীবনীসাহিত্য শাখার সৃষ্টি হলো তার সাধারণ পরিচয় সূত্রে একজন চৈতন্যজীবনীকারের বৈশিষ্ট্য আলোচনা করো। ১০

২। বিদ্যাপতিকে বাংলা সাহিত্যে অন্তর্ভুক্তির কারণগুলি ১০

× ২। মাধবাচার্য শুনাইল শ্যাম নাম – পদটির রচয়িতা কে? আলোচনা করো। এটি কোন পালার পদ? এই পালার পদের শ্রেষ্ঠত্ব কোথায়? পদটি ব্যাখ্যা করো। ১০

১+১+২+৭ = ১০

৩। মধ্যযুগের বাংলা পদাবলী সাহিত্যে জ্ঞানদাসকে রোমান্টিক কবি কেন বলা হয় তা আলোচনা করো। ১০

মডিউল-৩ (যেকোন দুটি প্রশ্নের উত্তর লেখো।)

১। অষ্টাদশ শতকের বাংলা সমাজ চেতনা 'অন্নদামঙ্গল' কাব্যে কিভাবে প্রকাশ পেয়েছে, উদাহরণ দিয়ে বোঝাও। পদে ১০

২। সংক্ষেপে আলোচনা করো (যেকোন দুটি) ৫×২ = ১০

(ক) অন্নদামঙ্গল
(খ) মীরমশাররফ হোসেন
(গ) রবীন্দ্রপ্রসাদ সেন

৩। বাংলা অনুবাদ সাহিত্যে রামায়ণ ও মহাভারত-অনুবাদের ধারা সংক্ষেপে পর্যালোচনা করো। ১০

Scanned with CamScanner

Gangadharpur Mahavidyamandir
Department of Bengali
Model Question for ~~Internal~~ Tutorial Exam - 2021
Sem-1 : Paper-2
Bengali Hons. CC-2, Sem-1, 2021

১। উচ্চারণস্থান অনুযায়ী স্বরধ্বনির বর্গীকরণ করো। ১০

২। বাংলা শব্দ ভাণ্ডারে বিদেশী ভাষার বিভিন্ন শব্দের বিবরণ দাও। ১০

৩। উপভাষা কাকে বলে? রাঢ়খণ্ডী উপভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য গুলি লেখো। ২+৮=১০

৪। ধ্বনি পরিবর্তনের সূত্রগুলি আলোচনা কর। ১০

৫। বাংলা ভাষায় কারক ও বিভক্তি পর্যায়ভুক্ত উদাহরণসহ আলোচনা কর। ১০

৬। ঈশ্বর কালের যে কোন দুটি বিভাগ সম্পর্কে বিস্তারিত আলোচনা কর। ১০

Scanned with CamScanner

সেমেস্টার – ১ সাম্মানিক বাংলা CC 1 Internal Exam 2021

Answer of Model Question

১। চর্যার পদকর্তারা কেন 'সান্ধ্যভাষার' আশ্রয় নিয়েছিলেন ?

সেই সময়কার ব্রাহ্মণ্য সম্প্রদায় সহজিয়া বৌদ্ধদের প্রতি প্রসন্ন ছিলেন না, ফলত তাঁদের শ্যেন চক্ষুর (বাজপাখির মতো তীক্ষ্ণ নজর) থেকে সহজিয়া বৌদ্ধদের গূঢ় ধর্মাচারকে আড়াল করে রাখার জন্যই সিদ্ধাচার্যের 'সন্ধ্যাভাষা'র আশ্রয় নিয়েছিলেন।

২। নবচর্যাপদ কি ?

নেপাল ও তিব্বত থেকে আরো কিছু চর্যাপদ আবিষ্কার করেছিলেন শশিভূষণ দাশগুপ্ত। এগুলিই কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে নবচর্যাপদ নামে প্রকাশিত।

৩। শ্রীকৃষ্ণকীর্তন কাব্যে ব্যবহৃত একটি প্রবাদ প্রবচনের উল্লেখ কর।

শ্রীকৃষ্ণকীর্তনের একটি বিখ্যাত প্রবাদ প্রবচন এই রকম
'সোনা ভাঙ্গিলে আছে উপায় জুড়িএ আগুন তাপে
পুরুষ নেহা ভাঙ্গিলে জুড়ি এ কাহার বাপে (রাধাকৃষ্ণের বিরহে কৃষ্ণের উক্তি)।
সোনা ভাঙ্গলে তাকে আগুনের তাপে জুড়ে দেওয়া যায়।
কিন্তু পুরুষের প্রেম একবার ভাঙলে, তাকে জুড়া যায় না।)

৪। পদাবলী শব্দের অর্থ কী ? 'পদাবলী' শব্দটি কে কোথায় প্রথম ব্যবহার করেন।

পদাবলী শব্দের অর্থ পদসমূহ। পদাবলী শব্দটি প্রথম জয়দেব তাঁর 'গীতগোবিন্দম্' কাব্যে ব্যবহার করেন।

৫। অভিনব জয়দেব কাকে বলা হয়, তাঁর জন্মস্থান কোথায় ?

বৈষ্ণব পদাবলীর প্রাক্ চৈতন্য যুগের অন্যতম পদকর্তা বিদ্যাপতিকে অভিনব জয়দেব আখ্যায়িত অভিহিত করা হয়।
বিহারের দ্বারভাঙ্গা জেলার বিসফী গ্রামে বিদ্যাপতি জন্মগ্রহণ করেন।

৬। কৃত্তিবাসের কাব্য বাংলাদেশে অভূতপূর্ব জনপ্রিয় হবার কারণ কি ? এক বাক্যে লেখ।

কৃত্তিবাস তাঁর কাব্য সরল বাংলা পয়ারে অনুবাদ করেন এবং বাঙালীর দৈনন্দিন জীবনের তুচ্ছাতিতুচ্ছ বস্তুর বিবরণ দেন। এই কাব্য একান্তভাবেই বাঙালির নিজস্ব সম্পদে পরিণত হয়।

৭। চৈতন্যদেবের প্রভাবে বাংলাদেশের সমাজ ও সাহিত্যে যে বিপুল জাগরণ আসে তার আভাস পাওয়া যায় কোন্ কাব্যে ?

চৈতন্যদেবের প্রভাবে বাংলাদেশের সমাজ ও সাহিত্যে যে বিপুল জাগরণ আসে তার আভাস পাওয়া যায় 'শ্রীকৃষ্ণবিজয়' কাব্যে।
'শ্রীকৃষ্ণবিজয়' পনেরো শতাব্দীতে মালাধর বসু রচিত একটি বাংলা কাব্য। বাংলা সাহিত্যে প্রথম সার্থক ভাগবত গ্রন্থ। হিন্দুদের অষ্টাদশ পুরাণের অন্যতম ভাগবত পুরাণ অবলম্বনে রচিত। এর আর নাম 'গোবিন্দমঙ্গল'। এই কাব্যে কৃষ্ণের রাসলীলা গুরুত্ব পেয়েছে।

P.T.O

Scanned with CamScanner

৮। মধ্যযুগের বাংলা সাহিত্যের প্রথম রোমান্টিক প্রেমের কাব্যটি কার লেখা ও নাম কি? কাব্যটির অপর নাম কি?

মধ্যযুগের বাংলা সাহিত্যের প্রথম রোমান্টিক প্রেমের কাব্যটি দৌলত কাজীর লেখা। এর নাম 'লোরচন্দ্রানী'। এই কাব্যটির অপর নাম 'সতীময়না'।

৯। মনসামঙ্গল কাব্যের কোন্ কবি তাঁর রচনায় 'সুকবিবল্লভ' শব্দটি ব্যবহার করেছেন? কবি সম্বন্ধে দু'এক কথায় লেখ।

প্রাক চৈতন্য যুগের কবি নারায়ণদেব তাঁর কাব্যের রচনায় 'সুকবিবল্লভ' শব্দটি ব্যবহার করেছেন। তাঁর কাব্যের নাম 'পদ্মপুরাণ'। তিনি তাঁর যে সংক্ষিপ্ত আত্মপরিচয় দিয়েছেন তা থেকে জানা যায় তাঁর বন্ধু বিভাসহ উদ্ধারণদেব ঝাড়খণ্ড ত্যাগ করে পূর্ববঙ্গের বোরগ্রামে বসতি স্থাপন করেছিলেন। তাঁর রচিত মনসামঙ্গল কাব্য আসামের ব্রহ্মপুত্র এবং সুরমা উপত্যকা উভয় অঞ্চলেই ব্যাপক প্রচার লাভ করেছিল।

১০। কাশীরাম দাসের মহাভারত রচনার প্রেরণা কি?

কাশীরাম মেদিনীপুর জেলার আলিগড়ের জমিদার বাড়িতে শিক্ষকতা করতেন সেখানে পণ্ডিতগণ কৃষ্ণকবের কাছ থেকে মহাভারতের কাহিনি শুনে মহাভারত রচনার প্রেরণা পান।

১১। আগমনী ও বিজয়া পর্বের পদগুলিতে সমাজ জীবনের কি কি প্রতিফলন ঘটেছে?

আগমনী ও বিজয়া পর্বের পদগুলিতে অষ্টাদশ শতকের বিষ্ণুর কৌলিন্য প্রথা, নারীর বাল্যবিবাহ, অসম বিবাহ ও বহু বিবাহের প্রতিফলন ঘটেছে।

১২। 'অন্নদামঙ্গল' কাব্যে ব্যবহৃত দুটি সংস্কৃত ছন্দের নাম লেখ।

তোটক, একাবলী, ~~ভোটক~~ তোটক ইত্যাদি সংস্কৃত ছন্দ অন্নদামঙ্গলে ব্যবহৃত।

১৩। মধুপ্রভুর মনোভাবের অন্তরের রূপান্তর কোথায় ঘটেছিল?

মাত্র তেরো বছর বয়সে গয়াধামে পিতৃপিণ্ড দিতে গিয়ে গদাধরের পাদপদ্মে পূজা নিবেদন করার সময় মধুপ্রভুর অন্তরের রূপান্তর ঘটে। এরপর থেকেই তিনি কৃষ্ণপ্রেমে ব্যাকুল হয়ে ওঠেন।

১৪। বৃন্দাবনের ষড় গোস্বামী কারা?

রূপ গোস্বামী, জীব গোস্বামী, সনাতন গোস্বামী, গোপাল ভট্ট, রঘুনাথ ভট্ট ও রঘুনাথ দাস — এঁরা হলেন বৃন্দাবনের ষড় গোস্বামী।

১৫। ধর্মমঙ্গলের ধর্মঠাকুরের সঙ্গে অন্যান্য মঙ্গল কাব্যের দেবতাদের পার্থক্য কি?

ধর্মঠাকুর প্রাচীন কালের পুরুষ দেবতা। ভাজ্য থেকেই তিনি সুপ্রতিষ্ঠিত। তাঁর কোন বিগ্রহ নেই। শিলামূর্তিতে বিভিন্ন ভিন্ন নামে ধর্ম তিনি পূজিত।

P.T.O

Scanned with CamScanner

১৬। আলাওলের 'পদ্মাবতী' মূল কাহিনীটি কি?

রত্নসেনের পত্নী পদ্মিনীর রূপে মুগ্ধ আলাউদ্দিন খিলজীর চিতোর আক্রমণ ও অভীষ্ট রক্ষার জন্য জহরব্রতে পদ্মিনীর আত্মত্যাগই পদ্মাবতীর মূল কাহিনী।

১৭। কৃত্তিবাস তাঁর কাব্যটিকে পাঁচালী রীতিতে গড়ে তুলেছেন কেন?

আডম্বরপূর্ণ রচনা দুরূহ হবার সম্ভাবনা। লোক বুঝাতে কেন কৃত্তিবাস পণ্ডিত। - অর্থাৎ লোক শিক্ষাদানার উদ্দেশ্যটি মূল বলেই আপামর বাঙালির বোধগম্য - তার দিকে লক্ষ্য রেখেই তাঁর রামায়ণকে পাঁচালির আকারে (সরল পয়ার ছন্দে) গড়ে তুলেছেন।

১৮। শাক্ত পদাবলী রচনার কারণ কি?

অষ্টাদশ শতাব্দীর রাজনীতিক বিপর্যয় ও সামাজিক অবক্ষয়ের সময় মুসলমান শাসক ও জমিদারের অত্যাচার এবং শোষণের হাত থেকে রক্ষা পাবার জন্য কবিরা জগৎ জননী শ্যামার কাছ থেকে শান্তি ও আশ্বাস প্রার্থনা করেছেন। - এটিই হল শাক্ত পদাবলীর রচনার সামাজিক কারণ।

১৯। অভিসার কাকে বলে?

অভিসরণ বা উদ্দিষ্টাভিমুখী চলা অর্থেই 'অভিসার' কথাটি ব্যবহৃত হয়েছে। নায়িকার উদ্দেশ্যে নায়কের কিংবা নায়কের উদ্দেশ্যে নায়িকার সংকেত কুঞ্জে মিলনের যে যাত্রা তাকে অভিসার বলে। এই পর্যায়ের শ্রেষ্ঠ কবি গোবিন্দদাস।

২০। চণ্ডীদাসের দুটি পদ উল্লেখ করুন।

চণ্ডীদাসের উল্লেখযোগ্য দুটি পদ হল —
(ক) সই কেবা শুনাইল শ্যাম নাম (পূর্বরাগ পর্যায়ের পদ)
(খ) 'যত নিবারিয়ে চাহ নিবারনা যায়' - শ্রীকৃষ্ণকীর্তনের অন্তর্গত পূর্বরাগ পর্যায়ের পদ।

২১। শ্রীকৃষ্ণকীর্তন কাব্য প্রকাশের পর বাংলা সাহিত্যে কি সমস্যার সৃষ্টি হয়।

শ্রীকৃষ্ণকীর্তন কাব্য প্রকাশের পর বাংলা সাহিত্যে একদিকে চণ্ডীদাস ~~কর্তৃক~~ বা কোন চণ্ডীদাস এই নিয়ে চণ্ডীদাস সমস্যার সৃষ্টি হয়।

22. মনসামঙ্গল কাব্যের আদি কবি কে? এবং মনসামঙ্গলের কাব্যের শ্রেষ্ঠ কবির নাম উল্লেখ করুন।

মনসামঙ্গল কাব্যের আদি কবি কানাহরিদত্ত।
মনসামঙ্গলের শ্রেষ্ঠ কবি নারায়ণ দেব।

P.T.O

Scanned with CamScanner

২৩। "মুকুন্দরামের প্রতিভা ছিল ঔপন্যাসিকের"—একথা কে, কোন বলেছেন?

মুকুন্দরামের প্রতিভা ছিল ঔপন্যাসিক"— কথাটি বলেছেন ড: শ্রীকুমার বন্দ্যোপাধ্যায় তাঁর * কবিকঙ্কণ চণ্ডী' এর ভূমিকা-প্রবন্ধে। মুকুন্দ চক্রবর্তী ষোড়শ শতাব্দীতে অবস্থান করেও কবিত্বগুণ বজায় রেখেছিলেন। সেযুগে সমগ্র ভারতীয় সাহিত্যে তো বাস্তব চিত্র-বিকল্পরেখা মুকুন্দ চক্রবর্তী উপন্যাস রচনা না করলে ও আলোচনা করে দেখা যায় চণ্ডীমঙ্গল" যাতে আধুনিক উপন্যাসের প্রায় সব লক্ষণই সার্থক ভাবে পরিস্ফুট। তাই সমালোচক শ্রীকুমার বন্দ্যোপাধ্যায় এরূপ মন্তব্য করেছেন।

২৪। কবিকঙ্কণ চণ্ডীর কাব্যে ব্যবহৃত কয়েকটি প্রবাদপ্রবচন উল্লেখ কর।

কবিকঙ্কণ চণ্ডীর কাব্যে ব্যবহৃত কয়েকটি প্রবাদ প্রবচন হল —

(ক) নগর পুড়িলে দেবালয় কি এড়ায়।

(খ) এক মাঘের কিসম সম মাঘের ছিমানী ছিমানি।

(গ) যার কর্ম তার সাজে অন্য লোকে লাঠি বাজে।

(ঘ) গাওর্ই পড়িলে দণ্ডে গাওর্ই প্রহার করে।

২৫। দু-একটি কথায় চৈতন্যচরিতামৃতের বৈশিষ্ট্য বিশ্লেষণ কর।

চৈতন্যদেবের দিব্যজীবন ও গৌড়ীয় বৈষ্ণব সাধনার বাস্তব ও দার্শনিক পরিচয় কৃষ্ণদাসের গ্রন্থটি শুধু চরিত কাব্য নয়, বৈষ্ণব তত্ত্বকোষ গ্রন্থটির বিশেষত্ব। চৈতন্যজীবনী বর্ণনার ফাঁকে ফাঁকে তিনি গৌড়ীয় বৈষ্ণবদের অচিন্ত্যভেদাভেদ তত্ত্বের নানা দিক আলোচনা করেছেন। তাছাড়া কৃষ্ণতত্ত্ব, রাধাতত্ত্ব, গোপীতত্ত্ব, অবতার তত্ত্ব প্রভৃতি সুন্দরভাবে বিচার করেছেন। কাব্য ও দর্শনের এরূপ সুশ্রাবণী মধ্যযুগের গৌড়ীয় খণ্ডের সাহিত্যে দুর্লভ। চৈতন্যদেবের জীবনের শেষ-আঠারোটি বছরের নিখুঁত বর্ণনা এতে রয়েছে।

Sulali Soren

Scanned with CamScanner

গণেশরায়পুর মহাবিদ্যামন্দির
সেমেস্টার — প্রথম, বাংলা (সাম্মানিক)
পেপার — CC_2 (Internal)
প্রশ্নমান — 2

উত্তর:

১। ধ্বনি ও বর্ণের পারস্পরিক সম্পর্ক কি?

মানুষের মনের ভাব প্রকাশের জন্য বাগ্‌যন্ত্রের সাহায্যে মুখগহ্বর থেকে যে শব্দ উচ্চারিত হয় তা হল ধ্বনি।
বাগযন্ত্রের সাহায্যে উচ্চারিত ধ্বনিগুলিকে যে প্রতীক চিহ্নের মাধ্যমে লিখে প্রকাশ করা হয় তাই হল বর্ণ।

২। ধ্বনি পরিবর্তনের কারণগুলি কি কি?

নিম্নলিখিত কয়েকটি কারণে ধ্বনি পরিবর্তিত হয়
(ক) বক্তার বাগ্‌যন্ত্রের ত্রুটি
(খ) শ্রোতার শ্রবণ যন্ত্রের ত্রুটি
(গ) দ্রুত উচ্চারণগত ত্রুটি
(ঘ) ভৌগোলিক অবস্থান পরিবেশ ও জলবায়ুগত পরিবর্তন।
(ঙ) শোকনিরুক্তি মূক পরিবর্তন।
(চ) ভিন্ন ভাষার সান্নিধ্য ও প্রভাব জনিত পরিবর্তন।

৩। মুখোশন কাকে বলে? ১দাহরণ দাও।

অশুভ বা অবকল্যাণসূচক অথবা নিন্দনীয় শব্দ থেকে কল্যাণসূচক রূপে বা ভদ্রভাবে প্রকাশ করার জন্য সুভাষণ নীতির আশ্রয় নেওয়া হয় তাকে মুখোশন বলে। যেমন—
সং-মৃত্যু, অর্থে 'পরলোকপ্রাপ্তি' বাংলায়- 'গার্ডলাভ',
আশ্রিতকর কর্মচারী > শিক্ষাকর্মী।

৪। শব্দগঠনে প্রত্যয়ের ভূমিকা গুরুত্বপূর্ণ কেন?

নতুন নতুন শব্দ গঠনে প্রত্যয়ের ভূমিকা গুরুত্বপূর্ণ।
ধাতু এবং নাম শব্দের সঙ্গে প্রত্যয় যুক্ত হয়ে নতুন শব্দ গঠিত না হলে বাংলা ভাষার শব্দভাণ্ডার এত সমৃদ্ধ হত না।
তাই শব্দগঠনে প্রত্যয়ের ভূমিকা গুরুত্বপূর্ণ।

৫। 'সমাসন' শব্দটির অর্থ কি? অলোপ-সমাসের 'অলোপ' নামকরণের কারণ কি?

'সমাস' শব্দটির সাধারণ অর্থ হল 'সংক্ষেপ'।
ব্যাকরণে এর অর্থ হল – পরস্পর অর্থ সম্বন্ধযুক্ত একাধিক পদকে একপদে প্রকাশ।

Scanned with CamScanner

৬। দেশি শব্দগুলিকে অজ্ঞাতমূলশব্দ বলা হয় কেন?

বাংলা শব্দভাণ্ডারে গৃহীত দেশি শব্দগুলির (বেশিরভাগেরই) মূলের বা উৎসের অভাব। কেবল অনুমান করা হয় শব্দগুলি প্রাচীন দ্রাবিড়, অস্ট্রিক ইত্যাদি ভাষাগোষ্ঠী থেকে বা কোল, ভীল, সাঁওতাল প্রভৃতি জাতির ভাষা। তাই দেশি শব্দগুলিকে বলা হয় অজ্ঞাতমূল শব্দ।

৭। বহুশ্রী উপভাষার রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি লেখ।

(ক) অধিকরণ কারকে কখনো কখনো 'ত' বিভক্তি ব্যবহৃত হয়। যেমন — ঘরত যাও।

(খ) সামান্য অতীতকালের উত্তম পুরুষে 'লাম' বিভক্তি ব্যবহৃত হয়। যেমন — গেলাম, খেলাম।

(গ) গৌণকর্ম 'কে' এবং 'ক' বিভক্তি ব্যবহৃত হয়। যেমন — 'হামাক দাও'।

(ঘ) বহুবচনের বিভক্তিরূপে 'গুলি', 'গিলা' এবং ক্বচিৎ কখনো বিভক্তি রূপে 'দের' ব্যবহৃত হয়।

৮। ধ্বনি বিপর্যয় কাকে বলে?

দ্রুত উচ্চারণ করতে গিয়ে অথবা উচ্চারণের অক্ষমতার জন্য প্রায়ই শব্দের মধ্যে পাশাপাশি দুটি ব্যঞ্জনধ্বনির পরস্পরের স্থান পরিবর্তন করলে তাকে ধ্বনি বিপর্যয় বা ধ্বনি বিপর্যাস বলে। যেমন — রিক্সা > রিক্সা

৯। শব্দার্থের রূপান্তর বলতে কি বোঝ?

শব্দার্থের রূপান্তর শব্দের অর্থ পরিবর্তনের ধারায় অর্থের প্রকাশিক প্রসার ও সংকোচের এমন একটি স্তর আসে যখন মূল বা আদি অর্থের সঙ্গে পরিবর্তিত নতুন অর্থের কোনরকম মিল বা যোগসূত্র খুঁজে পাওয়া যায় না। অর্থের এই যে পরিবর্তন তাকে শব্দার্থের রূপান্তর বলে। যেমন — 'পাষণ্ড' শব্দটির আদি অর্থ 'ধর্মসম্প্রদায়' কিন্তু পরিবর্তিত আধুনিক অর্থ 'অত্যাচারী'।

১০। প্রত্যয় কাকে বলে? ব্যবহারিক প্রয়োগের অবস্থান অনুযায়ী প্রত্যয়কে কয়ভাগে ভাগ করা যায়?

যে অর্থহীন বর্ণ বা বর্ণসমষ্টি ধাতু বা শব্দের শেষে যুক্ত হয়ে নতুন নতুন শব্দ গঠন করে তাকে প্রত্যয় বলে। ব্যবহারিক প্রয়োগের অবস্থান অনুযায়ী প্রত্যয়ের দুটি ভাগ। (ক) ধাতু প্রত্যয় বা কৃৎ প্রত্যয়
উদাহরণ — পঠ + নক = পাঠক।

(খ) শব্দ প্রত্যয় বা তদ্ধিত প্রত্যয়
উদাহরণ — বিষ্ণু + অ = বৈষ্ণব।

Scanned with CamScanner

১১। ধ্বনিমা কাকে বলে ?

যে সব ধ্বনির পার্থক্যের জন্যে একাধিক শব্দের মধ্যে অর্থের পার্থক্য হয়, সেই ধ্বনিগুলিকে ধ্বনিমূল বা ধ্বনিম বা মূলধ্বনি বলে। যেমন—

কাল = ক্ + আ + ল = ক্ + আ + ল
ডাল = ড্ + আ + ল = ড্ + আ + ল

এখানে 'ক্' এবং 'ড্' হল দুটি মূলধ্বনি বা ধ্বনিম।

১২। বাংলা ভাষায় বহুবচন প্রকাশের দুটি উপায় উদাহরণসহ উল্লেখ করো।

১। বিশেষ্যের পর সমষ্টিবাচক শব্দ যোগ করে। যেমন - মানুষগন, ছাত্রদল, সম্পাদকমণ্ডলী ইত্যাদি।

২। শব্দের শেষে বিভক্তি বা প্রত্যয় যোগ করে। যেমন - রা, এরা, দিগকে, দেরকে, দিগের প্রভৃতি বিভক্তি বিশেষ্য বা সর্বনাম পদের সাথে যোগ করে বহুবচন গঠিত হয়।

১৩। লিঙ্গ কাকে বলে? উদাহরণ দাও।

'লিঙ্গ' শব্দের অর্থ চিহ্ন বা লক্ষণ। বাংলা ভাষায় এমন অনেক শব্দ আছে যেগুলো কোনোটি পুরুষত্ব জ্ঞাপক, কোনোটি স্ত্রী জ্ঞাপক, কোনোটি আবার স্ত্রী-পুরুষ উভয়কেই বোঝায়। তাই যেসব চিহ্ন বা লক্ষণ দ্বারা শব্দকে পুরুষ-স্ত্রী বা অন্য জাতীয় হিসেবে আলাদা করা হয় তাকে লিঙ্গ বলে।

পুং লিঙ্গ - বাবা, ছেলে, বিড়াল, উভয়লিঙ্গ - মানুষ, ছাত্র.
স্ত্রী-লিঙ্গ - মা, মেয়ে, বিদুষী, ক্লীবলিঙ্গ - বই, খাতা ইত্যাদি

১৪। লিঙ্গ পরিবর্তন বা লিঙ্গান্তরের নিয়মগুলো উল্লেখ করো।

বাংলাভাষায় লিঙ্গান্তর নিম্নলিখিত ভাবে হয়ে থাকে -

১। পুংলিঙ্গবাচক শব্দের শেষে প্রত্যয় যোগ করে -

(ক) 'অ' - কারান্ত শব্দের শেষে 'আ' প্রত্যয় যোগ করে লিঙ্গ পরিবর্তন হয়। যেমন - বৃদ্ধ > বৃদ্ধা, অনাথ > অনাথা

২। (খ) স্ত্রীবাচক শব্দ আগে বা পরে বসিয়ে -

(খ) কখনো পুরুষবাচক শব্দের আগে বা পরে স্ত্রীবাচক শব্দ যোগ করে স্ত্রীলিঙ্গ করা হয়। যেমন - লোক > লোকটি মেয়ে > মহিলা মেয়ে।

১৫। অক্ষর কাকে বলে?

বাগযন্ত্রের স্বল্পতম প্রয়াসে বা একঝোঁকে মাত্রিক ধ্বনি উচ্চারণযোগ্য হয় তাই অক্ষর বা নিঃশ্বাসের এক প্রয়াসে উচ্চারণযোগ্য শব্দের সবচেয়ে ছোট অংশ। যেমন -

মা, মামা ইত্যাদি।

বাগযন্ত্রের স্বল্পতম প্রয়াসে উচ্চারিত ধ্বনি, ধ্বনিখণ্ড বা ধ্বনিগুচ্ছের একক (Unit) হল অক্ষর বা দল।
যেমন: কুল - একটি অক্ষর। কুলে - 'কু' ও 'লে' - দুটি অক্ষর।
চন্চল = চন্ - চল্ - দুটি অক্ষর।

Scanned with CamScanner

১৬। ক্রিয়ারকাল কাকে বলে? এবং তা কয় প্রকার ও কি কি?

ক্রিয়ার যে রূপের দ্বারা ~~ক্রিয়া~~ কর্তার বিভিন্ন সময় বোঝায়, সেই সময়কে ক্রিয়ার কাল বলা হয়। ক্রিয়ার কাল তিন প্রকার। যথা বর্তমান কাল যা, অতীত কাল গা, ভবিষ্যৎ কাল ।

১৭। সাধুভাষা ও চলিতভাষার পার্থক্য লেখ।

১ সাধুভাষা আইন-আদালতে এবং রেডিও, টিভি সংবাদপত্রে মান্য ভাষাই ব্যবহৃত হয়।

নিজেদের অঞ্চলের বিশেষত গ্রামের কথ্যভাষায় মানুষ সাধারণত তার চলিতভাষাই ব্যবহার করে।

২ সাধুভাষায় ঠাকুরদের সাহিত্য এবং সেই ভাষার ব্যাকরণ রচিত হয় মান্য ভাষাতেই।

চলিতভাষাতে কেবল লোকসাহিত্য রচিত হয়, চলিতভাষার ব্যাকরণ সাধারণত লিখিত হয় না।

১৮। অনুসর্গ কাকে বলে? অনুসর্গের অপর দুটি নাম উল্লেখ কর।

যে সব অব্যয় বিশেষ্য বা সর্বনাম পদের পরে ভিন্নভাবে বসে শব্দ বিভক্তির কাজ করে তাদের অনুসর্গ বলে। যেমন- 'গাছ থেকে নেমে এসো'। এই বাক্যের কারক সম্পর্ক প্রকাশে 'গাছ' শব্দের পরে 'থেকে' অব্যয়টি বিভক্তির মতো শব্দের সঙ্গে মিলে না গিয়ে পৃথক শব্দ হিসেবে ব্যবহৃত হয়েছে। এক্ষেত্রে 'থেকে' হল অনুসর্গ।

অনুসর্গের অপর দুটি নাম হল - পরসর্গ, কর্মপ্রবচনীয়।

১৯। প্রত্যয় ও বিভক্তির সাদৃশ্য-বৈসাদৃশ্য লেখ।

প্রত্যয় ও বিভক্তি উভয়েই শব্দ বা ধাতুর পরে যুক্ত হয়। এছাড়া প্রত্যয় ও বিভক্তি হল বর্ণ বা বর্ণসমষ্টি যার নিজস্ব কোন অর্থ নেই ব্যবহারও নেই। এটাই এদের সাদৃশ্য। কিন্তু এদের মধ্যে বৈসাদৃশ্য যথেষ্ট বর্তমান —

ধাতু বা শব্দের সঙ্গে প্রত্যয় যুক্ত হলেও ধাতু বা শব্দের পরিচয় অবশ্যই থাকে, বাক্যে ব্যবহারের যোগ্যতা লাভ করে না, কিন্তু ধাতু বা শব্দের সঙ্গে বিভক্তি যুক্ত হলে তা 'পদ' নামে পরিচিত হয় এবং বাক্যে ব্যবহারের যোগ্যতা লাভ করে।

20. অক্ষরগঠনের তিনটি রীতি উল্লেখ কর।

১. প্রতিটি দলে বা অক্ষরে এক বা একাধিক ব্যঞ্জনধ্বনি থাকতে পারে।
২. প্রতিটি দলে বা অক্ষরে এক বা একাধিক স্বরধ্বনি অবশ্যই থাকবে।
৩. প্রত্যেকটি দলে বা অক্ষরে কখনও একের বেশি স্বরধ্বনি থাকতে পারে না।

Scanned with CamScanner